

**সোনালী ব্যাংক পিএলসি**  
প্রধান কার্যালয়, ঢাকা।  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন।

নং- এসবিপিএলসি/এইচও/এইচআরএমডি(সেকশন-১)/ওএস-১৩(III)/১০১৭৭

তারিখঃ ২৮ ডিসেম্বর, ২০২৩

**নিয়োগ বিজ্ঞপ্তি**

অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, কেন্দ্রীয় ব্যাংক শাখা কর্তৃক জারিকৃত ০৯/১১/২০২০ তারিখের ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৯-৫১১ সংখ্যক প্রজ্ঞাপন অনুসারে সোনালী বাংলাদেশ (ইউকে) লিমিটেড, যুক্তরাজ্যে সিনিয়র প্রিন্সিপাল অফিসার পদমর্যাদার কর্মকর্তা নিয়োগ ও পদায়নের লক্ষ্যে সোনালী ব্যাংক পিএলসি-এ কর্মরত সিনিয়র প্রিন্সিপাল অফিসার/সমমর্যাদার কর্মকর্তাগণের নিকট হতে নিম্নরূপ যোগ্যতা অনুযায়ী আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

**প্রার্থীগণের যোগ্যতাঃ**

আবেদনকারীগণের নিম্নরূপ যোগ্যতা আবশ্যিকভাবে থাকতে হবেঃ

- ১) সোনালী ব্যাংক পিএলসি-এ সিনিয়র প্রিন্সিপাল অফিসার/সমমর্যাদার পদে কর্মরত থাকতে হবে;
- ২) ন্যূনতম ১০ বছর চাকুরিকাল অবশিষ্ট থাকতে হবে;
- ৩) যে কোন কলেজ/বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। ব্যবসা প্রশাসন, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, অর্থনীতিতে ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবেন;
- ৪) কোন পর্যায়ের পরীক্ষায়ই তৃতীয় বিভাগ/শ্রেণী/গ্রেড গ্রহণযোগ্য হবে না। O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড হতে ইস্যুকৃত সার্টিফিকেট (Equivalent Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে;
- ৫) IELTS পরীক্ষার General Training Module-এ ন্যূনতম ৬.৫ স্কোর থাকতে হবে।

**আবেদনকারীগণ কর্তৃক তথ্য/প্রমাণপত্রাদি দাখিলঃ**

আবেদনকারীগণকে আবেদনপত্রের সাথে নিম্নরূপ তথ্য প্রমাণপত্রাদিসহ দাখিল করতে হবেঃ

- ক) শিক্ষাগত যোগ্যতার বিবরণ (সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি সহ)ঃ

পরীক্ষা/ডিগ্রীর নাম	পাশের সাল	বিশ্ববিদ্যালয়/বোর্ড	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড

- খ) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি;
- গ) প্রফেশনাল ডিগ্রী/পিএইচডি/অন্যান্য সার্টিফিকেটের (যদি থাকে) সত্যায়িত ছায়ালিপি;
- ঘ) Foreign Trade/Foreign Exchange/Treasury Management ডিভিশনে কাজের অভিজ্ঞতা (যদি থাকে) এর সপক্ষে কর্মকালীন সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/শাখা প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র, যা জেনারেল ম্যানেজার প্রধান স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা ব্যতীত অন্যান্য শাখার ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে;
- ঙ) রেমিট্যান্স, আন্তর্জাতিক বাণিজ্য ও অর্থায়ন, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ এবং মানি লন্ডারিং প্রশিক্ষণ (যদি থাকে) সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি;
- চ) IELTS সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি;
- ছ) চাকুরী জীবনে অপরাধ ও শাস্তি ভোগ করেছেন কি না? করে থাকলে তার বিবরণ (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত)।

ইংরেজিতে লিখিত আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র ডেপুটি জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন, সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা-এ সরাসরি অথবা ই-মেইল ঠিকানাঃ [dgmhrmd@sonalibank.com.bd](mailto:dgmhrmd@sonalibank.com.bd) এ ১৫ জানুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে দাখিল করা যাবে।



(মীর মোফাজ্জল হোসেন)

ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন ও

সদস্য সচিব, বাছাই কমিটি।